



## ড. মোহাম্মদ গিয়াসউদ্দিন হায়দার

মহাপরিচালক

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এর বর্তমান মহাপরিচালক ড. মোহাম্মদ গিয়াসউদ্দিন হায়দার পেশায় একজন পুর-প্রকৌশলী। ১৯৯৪ সালে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে পুরকৌশলে স্নাতক ডিগ্রি অর্জনের পর একজন সহযোগী পুরকৌশল কনসাল্ট্যান্ট হিসেবে বিভিন্ন প্রতিষ্ঠানে তাঁর কর্মজীবন শুরু করেন। তিন বছর পর ১৯৯৮ সালে ১৭ তম বিসিএস (গণপূর্ত) ক্যাডারের একজন সদস্য হিসেবে তিনি সিভিল সার্ভিসে যোগদান করেন। গণপূর্ত অধিদপ্তরে সুদীর্ঘ ২৭ বছরের কর্মজীবনে তিনি সারাদেশে বিস্তৃত পরিসরে জনগণকে সেবা প্রদানের সুযোগ পেয়েছেন। চাকুরীর শুরুতে তিনি গণপূর্ত ডিজাইন বিভাগে সহকারী প্রকৌশলী/ উপ-বিভাগীয় প্রকৌশলী পদে স্ট্রাকচারাল ডিজাইনার হিসেবে প্রায় ৪ বছর কাজ করেন। এরপর, ২০০২ সালে অক্টোবরে তিনি নেদারল্যান্ডস ফেলোশিপ প্রোগ্রাম (NFP) এর আওতায় বৃত্তিপ্ৰাপ্ত হয়ে Delft এ অবস্থিত UNESCO-IHE থেকে Urban Infrastructure Engineering and Management এ মাস্টার্স ডিগ্রি অর্জন করেন এবং ২০০৪ সালে দেশে প্রত্যাবর্তন করে পুনরায় চাকরীতে যোগদান করেন।

দেশে ফিরে তিনি গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী হিসেবে ২০০৪ সাল থেকে ২০০৬ সাল পর্যন্ত মুন্সীগঞ্জ গণপূর্ত উপ-বিভাগে ও ২০০৬ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত বঙ্গভবন গণপূর্ত উপ-বিভাগে কাজ করেন। বঙ্গভবন গণপূর্ত উপ-বিভাগে কর্মরত থাকাকালীন ২০০৮ সালের শুরুতে তিনি নির্বাহী প্রকৌশলী হিসেবে পদোন্নতি প্রাপ্ত হন এবং নিজ জেলা ফেনীতে 'ফেনী গণপূর্ত বিভাগের' নির্বাহী প্রকৌশলী হিসেবে দায়িত্বপ্রাপ্ত হন।

এছাড়াও চাকুরী জীবনের বিভিন্ন পর্যায়ে তিনি গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলীর দপ্তরে নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত ট্রেনিং একাডেমীতে সিনিয়র প্রশিক্ষক এবং সিলেট গণপূর্ত সার্কেলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে সাফল্যের সাথে কর্মকাল অতিবাহিত করেন। ২০১৮ সালে তিনি অতিরিক্ত প্রধান প্রকৌশলী হিসেবে পদোন্নতি প্রাপ্ত হয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং) হিসেবে এবং ২০১৯ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়) হিসেবে দায়িত্ব পালন করেন। বর্তমান পদে যোগদানের পূর্বে তিনি JICA এর অর্থায়নে বাস্তবায়নাধীন 'নগরাঞ্চলের ভবন সুরক্ষা প্রকল্পের' প্রকল্প পরিচালক হিসেবে তিন বছরের বেশী সময় দায়িত্ব পালন করেন। প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালনকালে তিনি দেশীয় ও আন্তর্জাতিক অংশীজনের সাথে সমন্বয়ের মাধ্যমে আন্তর্জাতিক জটিল ক্রয়-প্রক্রিয়ার সফল নিষ্পত্তিতে সক্ষম হন। ২০০৯ সালের শেষ প্রান্তে তিনি Australian Research Council (ARC) এর গবেষণা বৃত্তি নিয়ে Ph.D. ডিগ্রি অর্জনের লক্ষ্যে অস্ট্রেলিয়ার মেলবোর্নে অবস্থিত Swinburne University of Technology (SUT) তে যোগদান করে। সেখানে তিনি SUT এর Civil and Construction Engineering Department থেকে ২০১৪ সালে সাফল্যের সাথে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক খ্যাতিনামা গবেষণা জার্নালে তাঁর অনেকগুলো প্রকাশনা রয়েছে। গবেষণায় তাঁর পছন্দের বিষয় Cement and Concrete Material Behavior, Geopolymer Cement & Concrete, Sustainable Innovative Building Materials, Construction Sustainability ইত্যাদি।